



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

শহীদ স্মৃতি সরকারি কলেজ, মুক্তাগাছা, ময়মনসিংহ

ফোন: ০২৬৬৭৩০৩১, মোবাইল: ০১৩০৯১১১৯৯৯

ই-মেইল: gssccollege_mukta@yahoo.com

ওয়েবসাইট: gssccollege.gov.bd



তারিখ: ১৮/১২/২০২২ খ্রি.

২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণির ভর্তি কার্যক্রম অত্র কলেজে নিম্নবর্ণিত নির্দেশনার আলোকে সম্পাদন করা হবে।

২য় মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের কোর্স পরিবর্তন (মাইগ্রেশন) ও কোটা মেধা তালিকা অনুযায়ী ভর্তি কার্যক্রমের সময়সূচি:

কোর্স	স্থান	ভর্তির তারিখ ও বার	সময়
বিএ, বিএসএস ও বিবিএস	রাষ্ট্রবিজ্ঞান বিভাগ	২৬ ডিসেম্বর ২০২২ সোমবার	১১:০০ থেকে ০৩:০০ টা পর্যন্ত

- জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দেশনার আলোকে (www.nu.edu.bd/admissions) অনলাইনে ভর্তির আবেদন ফরম A4 সাইজের অফসেট কাগজে পূরণ ও প্রিন্ট করে ০২ কপি অত্র কলেজের ভর্তির জন্য নির্ধারিত কক্ষে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট উল্লিখিত সময় পর্যন্ত জমা দেওয়া যাবে।
- প্রিন্টকৃত আবেদন ফরমের নির্ধারিত স্থানে আবেদনকারীকে স্বাক্ষর করতে হবে। আবেদন ফরমের সাথে উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার নম্বরপত্র, প্রশংসাপত্রের ফটোকপি (২ সেট) ও ০৪ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি জমা দিতে হবে (উচ্চ মাধ্যমিক পরীক্ষার মূল নম্বরপত্র ও মূল প্রশংসাপত্র অবশ্যই জমা দিতে হবে)।
- কলেজের হিসাব শাখায় (সকল কোর্সের জন্য এক বৎসরের বেতন, অভ্যন্তরীণ পরীক্ষা ও ভর্তি ব্যবস্থাপনা ফিসহ) ৩,৫৮০/- (তিন হাজার পাঁচশত আশি টাকা) প্রদান করে ভর্তির রশিদ সংগ্রহ করতে হবে। উপরের উল্লিখিত স্থানে ভর্তি রশিদ প্রদর্শন করে ভর্তি ফরম সংগ্রহ ও পূরণ করে জমা দিতে হবে।
- কোটা সম্পর্কিত তথ্য ও সংরক্ষিত আসনের বিষয়ে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি নির্দেশনা অনুসরণ করে আবেদন ফরম পূরণ ও জমাদানের জন্য বলা হলো এবং কোটা মনোনয়ের স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র জমা দিতে হবে।
- সকল বিভাগের আবশ্যিক বিষয় : ১। বাংলা ২। ইংরেজি ৩। স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস।
- নৈর্বাচনিক বিষয়সমূহ :
বি এ : ক) ইসলামিক স্টাডিজ খ) ইসলামের ইতিহাস ও সংস্কৃতি
গ) রাষ্ট্রবিজ্ঞান অথবা সমাজকর্ম অথবা অর্থনীতি - যে কোনো ০১ টি বিষয়।
বি এস এস : ক) ইসলামিক স্টাডিজ অথবা ইসলামের ইতিহাস ও সংস্কৃতি- যে কোনো ০১ টি বিষয়।
খ) রাষ্ট্রবিজ্ঞান অথবা সমাজকর্ম অথবা অর্থনীতি - যে কোনো ০২ টি বিষয়।
বি বি এস : ক) অর্থনীতি খ) হিসাববিজ্ঞান গ) ব্যবস্থাপনা

বি: দ্র: ১ম ও ২য় মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের কোর্স পরিবর্তন (মাইগ্রেশন) করার জন্য অনলাইন থেকে ফরম উত্তোলন করে নির্ধারিত কক্ষে যোগাযোগ করতে হবে। নির্ধারিত সময়ে ভর্তি না হলে ভর্তি সংক্রান্ত কোনো জটিলতা হলে কর্তৃপক্ষ দায়ি থাকবেনা।

০৬/১২/২০২২

প্রফেসর মোঃ ইদ্রিস আলী (০০৯৭৫১)

বি.সি.এস (সাধারণ শিক্ষা)

অধ্যক্ষ

শহীদ স্মৃতি সরকারি কলেজ

মুক্তাগাছা, ময়মনসিংহ

প্রফেসর বিজন কুমার বসাক (০০৭৭৬৪)

বিভাগীয় প্রধান, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ

আহ্বায়ক

২০২১-২০২২ শিক্ষাবর্ষে স্নাতক পাস (ডিগ্রি)

১ম বর্ষ ভর্তি কমিটি

শহীদ স্মৃতি সরকারি কলেজ

মুক্তাগাছা, ময়মনসিংহ